JUN 06 2002

দৈনিক ইনকিলাব

তারিখ ……
পৃষ্ঠা …… কলাম ……

## জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সমীপে দৃষ্টি আকর্ষণ

পটুয়াখালী সরকারী কলেজের ব্যবস্থাপনা বিভাগের '৯৭-৯৮ ইং শিক্ষাবর্ষের পার্ট-৩ (অনুষ্ঠিত ২০০১ ইং) পরীক্ষার গত ৬-৫-২০০০২ ইং তারিখের সদ্য প্রকাশিত ফলাফলে দেখা যায় যে, মোট ৪৮ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করে। তার মধ্যে মাত্র ২০ জন ছাত্র-ছাত্রী উত্তীর্ণ হয়। বাকি সবাই মূল সব বিষয়ে পাস করার পরও কম্প্রিহেনসিভ পরীক্ষায় ২/১ নম্বর কম পাওয়ার কারণে অকৃতকার্য হয়। এই মাত্র ২/১ নম্বরের জন্য তাদেরকে আবার ৬টি বিষয়ে পরীক্ষা দিতে হবে। সামনে পরীক্ষার আর মাত্র ২ মাসের মত বাকি। এই স্বল্পসময়ে নতুন সিলেবাসে পড়াশুনা করে পরীক্ষা দেয়াটা কি অমানবিকতার পর্যায়ে পড়ে না? তাছাড়া যেখানে ৩ বছরের অনার্স কোর্স শেষ করতে ৪ বছর সময় লেগেছে সেখানে মাত্র ২/১ নম্বরের জন্য আরও ১টি বছর লস দিতে হবে। এটা ছাত্র-ছাত্রীদের জন্য মেনে নেয়াটা যে কতটা কষ্টকর, তা কর্তৃপক্ষ ভেবে দেখবেন কি? অপরদিকে দেখা যায় যে, '৯৮-৯৯ ইং শিক্ষাবর্ষে যেসব ছাত্র-ছাত্রী কম্প্রিহেনসিভ বিষয়ে অকৃতকার্য হবে তারা আবার শুধুমাত্র কম্প্রিহেনসিভে অংশগ্রহণ করতে পারবে। সেহেতু, '৯৭-৯৮ ইং শিক্ষাবর্ষে পার্ট-৩ পরীক্ষায় প্রথমবারের মত কম্প্রিহেনসিভ বিষয় সংযুক্ত করা হয়েছে সেহেতু কর্তৃপক্ষ এর কোন বিকল্প ব্যবস্থাই ভুক্তভোগী ছাত্র-ছাত্রীদের জন্য রাখেননি। দেশের প্রচলিত অন্যান্য পরীক্ষায় (যেমন- এসএসসি, এইচএসসি, ডিগ্রী পাস) দেখা যায় যে, কোন বিষয়ে ফেল করলে শুধু ঐ বিষয়ে পরীক্ষা নেয়া হয়। কোন কোন ক্ষেত্রে এক বিষয়ে অকৃতকার্য ছাত্র-ছাত্রীরা কৃতকার্যদের মত পরবর্তী শ্রেণীতে ভর্তি হবার সুযোগ পায়। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে এরকম সুযোগ থাকা যৌক্তিক ও ন্যায়সঙ্গত।

এবারের অনার্স পার্ট-৩ পরীক্ষার ফল বিপর্যয় ৩টি কয়েক কলেজে নয়, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত দেশের সব কলেজগুলোতেও একই অবস্থা। তাই কর্তৃপক্ষের নিকট আমাদের আকুল আবেদন যে, ভুক্তভোগী ছাত্র-ছাত্রীদের কথা চিন্তা করে যারা ২/১ নম্বর কম পেয়ে অকৃতকার্য হয়েছে তাদেরকে কৃতকার্য ঘোষণা করা হোক অথবা শুধুমাত্র কম্প্রিহেনসিভ পরীক্ষা নেয়া হোক এবং মাস্টার্স-এ ভর্তির সুযোগ দেয়া হোক। বিষয়টি আশু সুরাহার জন্য মাননীয় প্রধানমন্ত্রী ও শিক্ষামন্ত্রীর হস্তক্ষেপ কামনা করছি।

–ডলি, শিপন, রাসেল, ব্যবস্থাপনা বিভাগ
পটুয়াখালী সরকারী বিশ্ববিদ্যালয় কলেজ।